একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫৫/বিইডিইউ/২০১৬/৯১৩৭ তারিখ : ১৭.০৪.২০২২ খ্রি.

বিষয় : মাধ্যমিক/দাখিল পর্যায়ে ধারাবাহিক মূল্যায়ন (CA) বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ **স্বাস্থ্যবিধি অনুসরণ করে আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে মাধ্যমিক/দাখিল পর্যায়ের শিক্ষকগণের জন্য ধারাবাহিক মূল্যায়ন (CA) বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ সংযুক্ত সূচি (সংলগ্নি 'ক' ও 'খ') অনুসারে বিভিন্ন জেলায় আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে আয়োজিত হবে এবং জেলা শিক্ষা অফিসার কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

ক. বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে জেলা শিক্ষা অফিসারের সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান এবং ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর প্রতিদিন সম্মিলিতভাবে প্রোগ্রাম আয়োজনের দায়িত্ব পালন করবেন। প্রধান প্রশিক্ষক কর্মসূচি আয়োজনে সার্বিক সহযোগিতা করবেন। **একজন কর্মকর্তা একদিনে একাধিক সম্মানী প্রাপ্য হবেন না।**

খ. কর্মসূচির জন্য যথাসম্ভব ০১টি ভেন্যু নির্বাচন করতে হবে। ভেন্যু নির্বাচনে পর্যাপ্ত আলো বাতাস, প্রক্ষালন ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা ও লজিস্টিক সুবিধাকে প্রাধান্য দিতে হবে। আনুমানিক ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি কক্ষের ব্যবস্থা করতে হবে। বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত ও বিজ্ঞান বিষয়ের প্রতিটির জন্য ১টি করে কক্ষের ব্যবস্থা করতে হবে। প্রতিটি ভেন্যুতে কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।

গ. পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ের (বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) শিক্ষকগণ এ প্রশিক্ষনের আওতায় আসবেন। একজন শিক্ষক বর্ণিত বিষয়সমূহের শুধুমাত্র একটি বিষয়ে এবং একবারই এ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন । প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র ছাড়া কোন শিক্ষক কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন না। অংশগ্রহণকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট **বিষয়ের ১টি করে ম্যানুয়েল প্রদান করতে হবে। অংশগ্রহণকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যপুস্তক সঙ্গে আনার নির্দেশনা প্রদান করতে হবে।**

ঘ. প্রশিক্ষণ কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজ ও খাবারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে, শুক্রবার মধ্যাহ্ন বিরতি ০১:০০ থেকে ২:৩০ পর্যন্ত হবে এবং কর্মসূচি বিকাল ৫:০০টার পরিবর্তে ৫:৩০ মিনিটে শেষ হবে)।

ঙ. মাস্টার ট্রেইনারগণ ম্যানুয়ালের সকল বিষয়বস্তু ৬ দিনের মধ্যে সম্পন্ন করবেন। দায়িত্বপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণ সংশ্লিষ্ট কক্ষের হাজিরা গ্রহণ করবেন। প্রশিক্ষণ শুরুর দিন দুপুর ১২ ঘটিকার মধ্যে হাজিরা সিটের সর্বশেষ প্রশিক্ষণার্থীর স্বাক্ষরের নীচে মাস্টার ট্রেইনারগণ নিজ নিজ স্বাক্ষর প্রদান করবেন। ভেন্যু প্রধান প্রতিটি কক্ষের হাজিরা সিটে প্রতি স্বাক্ষর করবেন।

চ. প্রোগ্রাম সমন্বয়ক/ ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর আবশ্যিকভাবে কর্মসূচির ১ম দিনে দুপুর ১২ টার মধ্যে অংশগ্রহণকারী শিক্ষকদের **বিষয়ভিত্তিক** সংখ্যা (মহিলা ও পুরুষ বিভাজনসহ) এবং হাজিরা সিটের স্ক্যানড কপি **জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ ই-মেইলে spsu.training2017@gmail.com** প্রেরণ করবেন।

ছ. প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকদের (মহিলা ও পুরুষ বিভাজনসহ) একটি ডাটাবেজ (Excel সিটে মোবাইল নাম্বারসহ ইংরেজিতে) তৈরি করে কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে spsu.training2017@gmail.com ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। একইসাথে তা মাউশি'র EMIS এর Training Management Module এ Upload করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচির স্থিরচিত্র ধারণ করে কয়েকটি কপি প্রশিক্ষণার্থীদের তালিকার সাথে প্রেরণ করতে হবে।

জ. প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট শিক্ষক/প্রশিক্ষক/কর্মকর্তাবৃন্দ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট অনুসারে (সংলগ্নি 'গ') ভাতাদি প্রাপ্য হবেন ।

ঝ. স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রশিক্ষণার্থীর দেহের তাপমাত্রা, সর্দিকাশি ও কোভিড-১৯ টিকা গ্রহণের তারিখ লিপিবদ্ধ করতে হবে।

ঞ. প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে খাতভিত্তিক সংক্ষিপ্ত ব্যয় বিবরণী (**Summary Expenditure Statement**) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত সমন্বয় আদেশের কপিসহ যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর পত্রে বর্ণিত ই-মেইলে প্রেরণ করতে হবে। সমস্ত ব্যয় ভাউচারের কপি নিরীক্ষা কার্যক্রমের জন্য নিজ নিজ দপ্তরে সংরক্ষণ করতে হবে।

ট. প্রশিক্ষণে প্রতিদিন সকালের নাস্তা ও বিকালের চা-এর ব্যবস্থা করতে হবে এবং দুপুরের খাবার পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে।

৩। বর্ণিত কর্মসূচির মাস্টার ট্রেইনারগণের বিষয়ভিত্তিক নামের তালিকা শীঘ্রই সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে প্রেরিত হবে। জেলা শিক্ষা অফিসারগণ তালিকাভূক্ত মাস্টার ট্রেইনারগণের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মসূচিতে তাঁদের উপস্থিতি নিশ্চিত করবেন। তবে নির্বাচিত কোন মাস্টার ট্রেইনার কর্মসূচিতে অংশগ্রহণে অপারগ হলে তালিকাভূক্ত অন্য মাস্টার ট্রেইনারের সাথে যোগাযোগ করবেন।

৪। প্রধান প্রশিক্ষককে সার্বক্ষণিক ভেন্যুতে উপস্থিত থেকে অন্যান্য প্রশিক্ষক ও কো-অর্ডিনেটরগণকে প্রশিক্ষণ আয়োজনে সহায়তা প্রদান, প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় ও গুণগত মান নিশ্চিত করতে হবে। প্রতিকক্ষে দুইজন মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ পরিচালনা করবেন।

৫। উক্ত কর্মসূচি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে মোহাম্মদ সাজ্জাদ হোসেন, সহকারী অধ্যাপক ও প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২), টেলিফোন: ০২২২৩৩৫৩৮৪৩, এসপিএসইউ, সেসিপ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

20.08.2022
(প্রফেসর ড.সামসুন নাহার)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ.দা)
টেলিফোন: ০২২২২৩৩৩৭১২

জেলা শিক্ষা অফিসার : বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, জয়পুরহাট, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লক্ষীপুর, লালমনিরহাট, মাদারীপুর, মাগুড়া, মেহেরপুর, ময়মনসিংহ, নওগাঁ, নারায়ণগঞ্জ, নরসিংদী, নাটোর, নেত্রকোনা, নীলফামারী, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর, রাজবাড়ী, রাজশাহী, রংপুর, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল ও ঠাকুরগাঁও জেলা।

স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫৫/বিইডিইউ/২০১৬/৯১৩৭ **তারিখ : ১৭.০৪.২০২২ খ্রি.**

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক (মাধ্যমিক/প্রশিক্ষণ/ পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি, সংশ্লিষ্ট অঞ্চল (অধীক্ষেত্রাধীন জেলাসমূহের জেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণ কর্মসূচি পর্যবেক্ষণের অনুরোধসহ)।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)-----------------------------------(কর্মসূচি আয়োজনে সহযোগিতার অনুরোধসহ)।
৬. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা (প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় অগ্রিম প্রদানের অনুরোধসহ)।
৮. প্রধান শিক্ষক/সুপার------------------------------(কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা (জেলা শিক্ষা অফিসারের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, এসপিএসইউ, সেসিপ---------------(সংশ্লিষ্ট জেলায় প্রয়োজনীয় বরাদ্দ প্রদানে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১. জনাব --------------------------------------(নির্ধারিত তারিখে যথাসময়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অনুরোধসহ)।
১২. সংরক্ষণ নথি।

20.04.2022
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী অধ্যাপক ও
প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)
☏ ০২২২৩৩৫৩৮৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

সংযুক্তি 'ক'

(Revised)

জেলাভিত্তিক CA প্রশিক্ষণসূচি-২০২২

SL	District SL	Districts	Batch-1 11-16 May 22			Batch-2 17 - 22 May 22			Total			Remarks
			NT	R	MT	NT	R	MT	NT	R+1	MT+1	
1	1	Bagerhat	200	5	10	200	5	10	400	11	21	
2	3	Barguna	200	5	10	200	5	10	400	11	21	
3	5	Bhola	200	5	10	200	5	10	400	11	21	
5	6	Bogura	200	5	10	200	5	10	400	11	21	
6	7	Brahmanbaria	200	5	10	200	5	10	400	11	21	
7	8	Chandpur	200	5	10	200	5	10	400	11	21	
8	9	Chapainawabganj	200	5	10	200	5	10	400	11	21	
9	11	Chuadanga	200	5	10	200	5	10	400	11	21	
10	13	Cox's Bazar	200	5	10	200	5	10	400	11	21	
11	15	Dinajpur	200	5	10	200	5	10	400	11	21	
12	16	Faridpur	200	5	10	200	5	10	400	11	21	
13	17	Feni	200	5	10	200	5	10	400	11	21	
14	18	Gaibandha	200	5	10	200	5	10	400	11	21	
15	19	Gazipur	200	5	10	200	5	10	400	11	21	
16	20	Gopalganj	200	5	10	200	5	10	400	11	21	
17	21	Habiganj	200	5	10	200	5	10	400	11	21	
18	22	Jamalpur	200	5	10	200	5	10	400	11	21	
19	23	Jashore	200	5	10	200	5	10	400	11	21	
20	24	Jhalokati	200	5	10	200	5	10	400	11	21	
21	25	Jhenaidah	200	5	10	200	5	10	400	11	21	
22	26	Joypurhat	200	5	10	200	5	10	400	11	21	
24	29	Kishoreganj	200	5	10	200	5	10	400	11	21	
25	30	Kurigram	200	5	10	200	5	10	400	11	21	
26	31	Kushtia	200	5	10	200	5	10	400	11	21	
27	32	Lakshmipur	200	5	10	200	5	10	400	11	21	
28	33	Lalmonirhat	200	5	10	200	5	10	400	11	21	
29	34	Madaripur	200	5	10	200	5	10	400	11	21	
30	35	Magura	200	5	10	200	5	10	400	11	21	
32	37	Meherpur	200	5	10	200	5	10	400	11	21	
35	41	Naogaon	200	5	10	200	5	10	400	11	21	
37	43	Narayanganj	200	5	10	200	5	10	400	11	21	
38	44	Narsingdi	200	5	10	200	5	10	400	11	21	
39	45	Natore	200	5	10	200	5	10	400	11	21	
40	46	Netrakona	200	5	10	200	5	10	400	11	21	
41	47	Nilphamari	200	5	10	200	5	10	400	11	21	
42	48	Noakhali	200	5	10	200	5	10	400	11	21	
43	49	Pabna	200	5	10	200	5	10	400	11	21	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

জেলাভিত্তিক CA প্রশিক্ষণসূচি-২০২২

(Revised)

SL	District SL	Districts	Batch-1			Batch-2			Total			Remarks
			11-16 May 22			17 - 22 May 22						
44	50	Panchagarh	200	5	10	200	5	10	400	11	21	
45	51	Patuakhali	200	5	10	200	5	10	400	11	21	
46	52	Pirojpur	200	5	10	200	5	10	400	11	21	
47	53	Rajbari	200	5	10	200	5	10	400	11	21	
49	57	Satkhira	200	5	10	200	5	10	400	11	21	
51	59	Sherpur	200	5	10	200	5	10	400	11	21	
52	60	Sirajganj	200	5	10	200	5	10	400	11	21	
53	61	Sunamganj	200	5	10	200	5	10	400	11	21	
54	63	Tangail	200	5	10	200	5	10	400	11	21	
55	64	Thakurgaon	200	5	10	200	5	10	400	11	21	
			9400	**235**	**470**	**9400**	**235**	**470**	**18800**	**517**	**987**	
			47			47						

P	NT	NPDW
1	9400	47
2	9400	47
3	0	0

NT-No. of Trainee
MT- No. of Master Trainer
R- Room
NPDW- Number of Batch, Districtwise
P- Batch

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

জেলাভিত্তিক CA প্রশিক্ষণসূচি-২০২২

সং-লগ্নি 'খ'

(Revised)

SL	District SL	Districts	Batch-1			Batch-2			Batch-3			Batch-4			Total			Remarks
			11 - 16 May 22			17 - 22 May 22			23 -28 May 22			29 May-3 Jun 22						
			NT	R	MT	NT	R	MT	NT	R	MT	NT	R	MT	NT	R+1	MT+1	
1	4	Barishal	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
2	10	Chittagong	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
3	12	Cumilla	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
4	14	Dhaka	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
5	28	Khulna	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
6	40	Mymensingh	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
7	54	Rajshahi	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
8	56	Rangpur	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
9	62	Sylhet	200	5	10	200	5	10	200	5	10	200	5	10	800	21	41	
			1800	**45**	**90**	**1800**	**45**	**90**	**1800**	**45**	**90**	**1800**	**45**	**90**	**7200**	**181**	**361**	
			9			9			9			9						

P	NT	NPDW
1	1800	9
2	1800	9
3	1800	9
3	1800	9

NT-No. of Trainee
MT- No. of Master Trainer
R- Room
NPDW- Number of Batch, Districtwise
P- Batch

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.৬৫

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৬
১৭ ফেব্রুয়ারি ২০২০

প্রাপক:
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

বিষয়: **সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম এর আওতায় 'ধারাবাহিক মুল্যায়ন' বিষয়ক মাঠ পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির বাজেট বিভাজন অনুমোদন**

সূত্র: সেসিপ, মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর- মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৪৯৫/প্রশিক্ষণ(পার্ট-১)/২০১৯/৫০৩৬; তারিখ: ২৬/১২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ৬৪টি জেলায় প্রতি ব্যাচে ২০০ জন করে ২২৭টি ব্যাচে মোট ৪৫,৪০০ জন শিক্ষককে ৬দিনব্যাপী 'ধারাবাহিক মুল্যায়ন' বিষয়ক মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কর্মসূচির জন্য নিম্নে বর্ণিত একক হার ও বাজেট বিভাজন এবং ০২ নম্বর অনুচ্ছেদে বর্ণিত শর্তাসমূহ পালনের শর্তে প্রশাসনিক মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

টাকায়

প্রতি ব্যাচে প্রাক্কলিত ব্যয়					
ক্রমিক	ব্যয় খাত	একক	পরিমাণ	একক হার	মোট ব্যয়
১.০	সম্মানী/ভাতা				
১.১	মাস্টার ট্রেইনারগণের সম্মানী (২*৫*৬+১*৬)	জন/দিন	৬৬	১০০০	৬৬০০০
১.২	প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা (২০০*৬)	জন/দিন	১২০০	৭০০	৮৪০০০০
১.৩	প্রোগ্রাম সমন্বয়কের সম্মানী (৩*৬)	জন/দিন	১৮	১২০০	২১৬০০
১.৪	মাস্টার ট্রেইনারগণের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ) (১১*১)	জন	১১	১৫০০	১৬৫০০
১.৫	প্রশিক্ষণার্থীগণের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ)	জন	২০০	৮০০	১৬০০০০
১.৬	প্রশিক্ষণার্থী ও মাস্টার ট্রেইনারগণের স্থানীয় যাতায়াত ভাতা (২০০*৬+১১*৬)	জন/দিন	১২৬৬	১০০	১২৬৬০০

১.৭	ওয়ার্ড প্রসেসরদের ভাতা (১*৬)	জন/দিন	৬	৩৫০	২১০০
১.৮	সাপোর্ট সার্ভিসের ভাতা (৩*৬)	জন/দিন	১৮	২৫০	৪৫০০
২.০	কর্মসূচি ব্যয়				
২.১	প্রশিক্ষণ ভেন্যু ব্যবস্থাপনা (মনিটরিং ভিজিট৬, ফটোকপি, কক্ষ পরিচ্ছন্নতা, প্রশিক্ষণার্থীগণের জন্য খাবার পানি, টিস্যু বক্স ইত্যাদি) (৫*৬)	প্রকৃত			৮০০০
২.২	প্রশিক্ষণকালীন লাঞ্চ (প্রশিক্ষণার্থী ১২০০ + মাস্টার ট্রেইনার ৬৬ + প্রোগ্রাম সমন্বয়ক ১৮ + ওয়ার্ড প্রসেসর ৬ + সাপোর্ট সার্ভিস ১৮)	জন/দিন	১৩০৮	২৫০	৩২৭০০০
২.৩	প্রশিক্ষণকালীন সকাল ও বিকালের নাস্তা	জন/দিন	১৩০৮	১০০	১৩০৮০০
২.৪	প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও প্রোগ্রাম সমন্বয়কের ফোল্ডার, প্যাড, কলম ইত্যাদি (২০০+১৪)	জন/দিন	২১৪	১৬০	৩৪২৪০
২.৫	প্রশিক্ষণ সামগ্রী (পোস্টার পেপার, মার্কার, ফ্লীপচার্ট)	প্রোগ্রাম/কক্ষ	৫	২০০	১০০০
				প্রতি ব্যাচে মোট ব্যয়:	১৭৩৮৩৪০
	(কথায়: টাকা সতেরো লক্ষ আটত্রিশ হাজার তিনশত চল্লিশ মাত্র)				
২২৭টি ব্যাচে মোট ব্যয়: ২২৭*১৭,৩৮,৩৪০.০০= ৩৯,৪৬,০৩,১৮০.০০ (উনচল্লিশ কোটি ছেচল্লিশ লক্ষ তিন হাজার একশত আশি) মাত্র।					

০২। শর্তসমূহ:

(ক) এ অর্থ ব্যয়ে সরকারি সকল বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) প্রশিক্ষণ শেষে ব্যয় বিবরণী যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে;

(গ) বর্ণিত বিষয়ে ভবিষ্যতে কোনো ধরনের অনিয়ম উদঘাটিত হলে এজন্য ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং

(ঘ) প্রকল্প কর্তৃপক্ষ প্রশিক্ষণের ভেন্যু, তারিখ ও সময়সহ বিস্তারিত কর্মসূচি প্রশিক্ষণ শুরুর পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

০৩। অর্থ মন্ত্রণালয়ের ১৬/০৮/২০১৫ তারিখের অফিস স্মারক নম্বর ০৭.১১১.০৩১.০১.০০.০১৩. ২০১০-৫৭৪ এ প্রদত্ত ক্ষমতাবলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

১৭-২-২০২০
নাসরীন মুক্তি
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.৬৫/১(৬)

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৬
১৭ ফেব্রুয়ারি ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

৩) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা

৪) যুগ্ম প্রধান (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৫) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৬) অফিস, মাস্টার কপি

১৭-২-২০২০
নাসরীন মুক্তি
উপসচিব